



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭১৪

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৭

০৮ জুলাই ২০২০

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সড়ক পথে মোট ৯৯০০ মে.টন বোরো'২০ সিদ্ধ চালের চলাচল সূচি।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ০৬/০৭/২০২০ খ্রি. তারিখের
১৩.০১.০০০০.০০০.৫০.০০১.২০.৬৬৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা বিভাগে চলতি সংগ্রহ/২০২০ মৌসুমে ২৩০৩১২ মে.টন ধান, ২৫৮৩৭৭ মে.টন সিদ্ধ চাল এ বং ২২৯৮৩ মে.টন আতপ চালের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। ইতোমধ্যে ১৭৫৭৪.২৮০ মে.টন ধান, ৭৩৯৭০ .৮৭০ মে.টন সিদ্ধ চাল এবং ৪৩৪৯.১৮০ মে.টন আতপ চাল সংগ্রহ হয়েছে। চলতি বোরো সংগ্রহ/২০২০ মৌসুমে বিভাগের লক্ষ্যমাত্রার অবশিষ্ট ধান-চাল সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সংগৃহীত বোরো/২০২০ সিদ্ধ চাল জরুরিভিত্তিতে অন্য বিভাগে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা বিভাগে বোরো'২০২০ মৌসুমে যেসকল এলএসডি/সিএসডিতে কার্যকরী ধারণ ক্ষমতার অতিরিক্ত খাদ্যশস্যের মজুত রয়েছে ঐ সকল এলএসডি/সিএসডিতে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে চট্টগ্রাম বিভাগের দেওয়ানহাট ও হালিশহর সিএসডি এবং কক্সবাজার জেলার এলএসডিসমূহে বর্তমান মজুত বিবেচনায় এবং আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে সড়ক পথে ৯৯০০ মে.টন বোরো'২০ সিদ্ধ চালের চলাচলসূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে বোরো/২০ সিদ্ধচালের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	শেরপুর	শেরপুর এলএসডি	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	১৫০০	বোরো'২০ সিদ্ধ চাল	সড়ক পথ	চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	জামালপুর	মেলান্দহ এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	পিয়ারণপুর এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৪.	ঐ	সিংজানী এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৫.	নেত্রকোনা	মোহনগঞ্জ এলএসডি	ঐ	ঐ	৪০০	ঐ	ঐ	

৬.	ঐ	কেন্দুয়া এলএসডি	ঐ	ঐ	২৫০	ঐ	ঐ
৭.	ঐ	বিরিসিরি এলএসডি	ঐ	ঐ	২৫০	ঐ	ঐ
৮.	ঐ	কলমাকান্দা এলএসডি	ঐ	ঐ	২৫০	ঐ	ঐ
৯.	ঐ	নেত্রকোনা এলএসডি	ঐ	ঐ	৪০০	ঐ	ঐ
১০.	ঐ	ঐ	ঐ	দেওয়ানহাট সিএসডি	৪০০	ঐ	ঐ
১১.	ঐ	ঠাকুরাকোনা এলএসডি	ঐ	ঐ	৭০০	ঐ	ঐ
১২.	ঐ	পূর্বধলা এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ
১৩.	ময়মনসিংহ	নাগলা এলএসডি	ঐ	ঐ	২০০	ঐ	ঐ
১৪.	ঐ	মুক্তাগাছা এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ
১৫.	ঐ	ফুলবাড়ীয়া এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ
১৬.	ঐ	ময়মনসিংহ এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ
১৭.	ঐ	ধানীখোলা এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ
১৮.	ঐ	ধলা এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ
১৯.	ঐ	ভালুকা এলএসডি	ঐ	ঐ	২০০	ঐ	ঐ
২০.	ঐ	তারাকান্দা এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ
২১.	কিশোরগঞ্জ	পাকুন্দিয়া এলএসডি	ঐ	ঐ	৩০০	ঐ	ঐ
২২.	ঐ	করিমগঞ্জ এলএসডি	ঐ	ঐ	২৫০	ঐ	ঐ
২৩.	ঐ	হোসেনপুর এলএসডি	কক্সবাজার	রামু এলএসডি	২০০	ঐ	ঐ
২৪.	ঐ	কটিয়াদী এলএসডি	ঐ	ঐ	২৫০	ঐ	ঐ
২৫.	ঐ	সরারচর এলএসডি	ঐ	ঐ	২৫০	ঐ	ঐ
২৬.	ঐ	তাড়াইল এলএসডি	ঐ	ঐ	১০০	ঐ	ঐ
				মোট =	৯৯০০		

খাদ্যশস্য পরিবহনের ক্ষেত্রে আবশ্যিকভাবে পালনীয় নির্দেশনাঃ

১। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র

সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

২। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্যক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়ারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেন্সিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন।

৩। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৪। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্ট মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;


৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ২০/০৭/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্যক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৮-৭-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা, ঢাকা।
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর, ঢাকা।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ, ঢাকা।

৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ, ঢাকা।


৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭১৪/১(১০)

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৭
০৮ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক,।
- ৯) ব্যবস্থাপক,, সিএসডি।
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।



৮-৭-২০২০

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক